বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন করপোরেশন
বিআইডব্লিউটিসি
নৌপরিবহন মন্ত্রণালয়

ফেয়ারলী হাউজ, ২৪ কাজী নজরুল ইসলাম এভিনিউ,
বাংলামটর, শাহবাগ, ঢাকা-১০০০
Website: www.biwtc.gov.bd



নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং-১৮.১২.২৬৭৫.০১১.০১.০১১.২৫-৯৭০৮ তারিখ: ১৮/১১/২০২৬ খ্রি.

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশনের (বিআইডব্লিউটিসি) নিম্নবর্ণিত শূন্য পদে বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ পদের নামের পার্শ্বে বর্ণিত বেতনস্কেল অনুযায়ী লোক নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে (https://biwtc.teletalk.com.bd ওয়েবসাইটে) নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:

ক্রমিক নং	পদের নাম, বেতন স্কেল ও গ্রেড (বেতনস্কেল: চাকরি (বেতন ভাতাদি) আদেশ, ২০২৬ অনুযায়ী)	২৫/১১/২০২৬ খ্রি. তারিখে প্রার্থীর বয়স	পদসংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	**উপ-নৌ অধীক্ষক** বেতন স্কেল: ১০০০০০-১৪২৪০০ (গ্রেড-৪)	২৭ হতে ৪০ বছর	০১টি	মাষ্টার মেরিনার (এফজি) অথবা ১ম মেট সার্টিফিকেট অব কম্পিটেন্সী (এফজি) সহ সমুদ্রগামী জাহাজের ৫ বৎসরের অভিজ্ঞতা অথবা লেঃ কমান্ডার (নির্বাহী শাখা) হিসাবে ৩ বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশ নৌ বাহিনীর অবসরপ্রাপ্ত কর্মকর্তা।
২.	**১ম শ্রেণির মাস্টার** বেতন স্কেল: ৩২০০০-৭৭৩০০ (গ্রেড-১০)	সর্বোচ্চ ৪৫ বছর	০৩টি	এসএসসি-সহ ১ম শ্রেণীর ইনল্যান্ড মাষ্টার সার্টিফিকেট অব কমপিটেন্সী। কর্ণফুলি ও পশুর এন্ডোরসমেন্টসহ ১ম শ্রেণীর ইনল্যান্ড মাষ্টার সার্টিফিকেটের অধিকারী অগ্রাধিকার পাইবেন।
৩.	**২য় শ্রেণির মাস্টার** বেতন স্কেল: ২৫০০০-৬০৫০০ (গ্রেড-১১)	সর্বোচ্চ ৪৫ বছর	১৬টি	দ্বিতীয় শ্রেণীর ইনল্যান্ড মাষ্টার সার্টিফিকেট অব কমপিটেন্সী এবং এসএসসি।
৪.	**লাইন ম্যান লস্কর** বেতন স্কেল: ২০০০০-৪৮৪০০ (গ্রেড-২০)	১৮ হতে ৩২ বছর	১৩টি	সংশ্লিষ্ট ট্রেডে ২ বৎসরের কাজের অভিজ্ঞতাসহ ৮ম শ্রেণী পাশ।

০২। আবেদনের শর্ত ও পরীক্ষায় অংশগ্রহণের নিয়মাবলী:

(ক) বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়;

(খ) সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, অনুমোদিত বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অন্যথায় ঐ আবেদন গ্রহণযোগ্য হবে না। মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র/ছাড়পত্রের মূল কপি জমা দিতে হবে;

(গ) চাকরির আবেদন ফরমে (Applicant's Copy) সর্বশেষ শিক্ষাগত যোগ্যতাসহ সকল শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করতে হবে। চাকরির জন্য নির্বাচিত হলে আবেদনে উল্লিখিত সনদ ব্যতিত চাকরির আবেদনের পূর্বে অর্জিত অন্যান্য শিক্ষাগত যোগ্যতা অন্তর্ভুক্ত করার সুযোগ থাকবে না;

(ঘ) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধিবিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে;

(ঙ) কেবলমাত্র নির্ধারিত লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণের মধ্য হতে প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক যোগ্য প্রার্থীদের চূড়ান্ত নিয়োগের জন্য সুপারিশ করা হবে;

(চ) প্রার্থীকে লিখিত এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না;

(ছ) অনিবার্য কারণে নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার/সংশোধন করার সম্পূর্ণ ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করে; এবং

(জ) বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

০৩। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয়:

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুকব্যক্তি https://biwtc.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ২৫/১১/২০২৬ খ্রি. সকাল ১০:০০ ঘটিকা।

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২৪/১২/২০২৬ খ্রি. বিকাল ০৫:০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র submit-এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস-এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online-এ আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) ও প্রার্থীর আবেদন দাখিলের ০১(এক) মাস আগে তোলা রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ, সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২(দুই)টি SMS করে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকে ক্রমিক নম্বর ১ ও ২ এ বর্ণিত পদের জন্য আবেদন ফি বাবদ ২০০/-(দুইশত) টাকা ও Teletalk-এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ২৩/- (তেইশ) টাকাসহ **২২৩/- (দুইশত তেইশ) টাকা**, ক্রমিক নম্বর ৩ এ বর্ণিত পদের জন্য আবেদন ফি বাবদ ১৫০(একশত পঞ্চাশ) টাকা ও Teletalk-এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১৮/-(আঠারো) টাকাসহ **১৬৮/-(একশত আটষট্টি) টাকা** এবং ক্রমিক নম্বর ৪ এ বর্ণিত পদের জন্য আবেদন ফি বাবদ ৫০(পঞ্চাশ) টাকা ও Teletalk-এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/-(ছয়) টাকাসহ সর্বমোট **৫৬/-(ছাপ্পান্ন) টাকা** Teletalk Pre-paid

Mobile নম্বরের মাধ্যমে অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। তবে সকল গ্রেডের পদের ক্ষেত্রে অনগ্রসর শ্রেণির (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ) প্রার্থীর আবেদন ফি বাবদ ৫০/-(পঞ্চাশ) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/-(ছয়) টাকাসহ মোট ৫৬/-(ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য যে, "online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS BIWTC<space>User ID লিখে send করতে হবে 16222 নম্বরে।
Example: BIWTC ABCDEF
Reply: Applicant's Name, TK-223/168/56 will be charged as application fee, Your PIN is 12345678. To pay fee Type BIWTC<space>Yes<space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS BIWTC<space>Yes<space>PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।
Example: BIWTC Yes 12345678
Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for BIWTC Application for (post name) User ID is (ABCDEF) and password (xxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://biwtc.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) **User ID জানা থাকলে:** BIWTC<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: BIWTC Help User ABCDEF

(ii) **PIN Number জানা থাকলে:** BIWTC<space>Help<space>PIN<space>PIN Number & Send to 16222. **Example:** BIWTC Help PIN 12345678

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশনের (বিআইডব্লিউটিসি)-এর ওয়েবসাইটে (www.biwtc.gov.bd) প্রকাশিত হবে অথবা টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও নিয়োগ সংক্রান্ত অন্যান্য তথ্য www.biwtc.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা cpm@biwtc.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk-এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: BIWTC, Post Name, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ট) **ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৪। Online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৫। বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশনের (বিআইডব্লিউটিসি)-এর ওয়েবসাইট (www.biwtc.gov.bd) এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (কেবল যোগ্য প্রার্থীদেরকে) পরীক্ষার তারিখ, স্থান ও সময় জানিয়ে দেয়া হবে।

৬। **প্রার্থীর যোগ্যতা যাচাই:**

(ক) **মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং ০১(এক) সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে;**
(১) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র; (২) অনাপত্তিপত্র/ছাড়পত্র/অভিজ্ঞতা সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে); (৩) জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদ (প্রযোজ্য ক্ষেত্রে); (৪) বাংলাদেশের নাগরিকত্ব প্রমাণের সনদ হিসাবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন প্রদত্ত নাগরিকত্ব সনদ; (৫) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র; (৬) কোটা দাবীর সমর্থনে প্রার্থীকে সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের কপি; (৭) আবেদন দাখিলের ০১(এক) মাস আগে তোলা ০৪(চার) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি; (৮) প্রবেশপত্র; (৯) অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy)।

(খ) এই নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়নি এমন যে-কোনো বিষয়ে সরকার কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

৭। এই নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত কোনো সংশোধন, সংযোজন (যদি থাকে) বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশনের (বিআইডব্লিউটিসি)-এর ওয়েবসাইটে (www.biwtc.gov.bd) পাওয়া যাবে; এবং

*** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে **Online** এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

১৮/১১/২০২৬
(মোঃ ফজলে রাব্বি)
চীফ পার্সোনেল ম্যানেজার
বিআইডব্লিউটিসি
ও
কমিটির সদস্য-সচিব